# জুলাই গণহ'ত্যা: ওবায়দুল কাদেরসহ প্রভাবশালীদের বিরুদ্ধে তদন্ত শেষ পর্যায়ে



সংগৃহীত ছবি

চব্বিশের জুলাই-আগস্টে সংঘটিত গণহত্যায় নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ কয়েকজন প্রভাবশালীর বিরুদ্ধে তদন্ত প্রায় শেষ হয়েছে। শিগগিরই তদন্ত প্রতিবেদন দাখিল হবে। এদিকে, জুলাই আন্দোলনের চানখারপুল হত্যাকাণ্ড মামলায় এক প্রত্যক্ষদর্শী সাক্ষী নিরাপত্তা হুমকির মুখে পড়ায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল তার সুরক্ষায় নির্দেশ দিয়েছে এবং তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে।

চব্বিশের জুলাই-আগস্টে সংঘটিত গণহত্যার ঘটনায় নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ কয়েকজন প্রভাবশালীর বিরুদ্ধে তদন্ত কাজ প্রায় শেষ পর্যায়ে পৌঁছেছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর গাজী এম এইচ তামিম বৃহস্পতিবার (১৪ আগস্ট) জানান, দ্রুতই তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হবে।

এদিকে, জুলাই আন্দোলনের সময় রাজধানীর চানখারপুলে সংঘটিত ছয়জনকে হত্যার মামলায় এক প্রত্যক্ষদর্শী সাক্ষী জবানবন্দি দেওয়ার পর নিরাপত্তা হুমকিতে পড়েন। জানা গেছে, সাক্ষ্য দেওয়ার দিনই একই প্রতিষ্ঠানের কিছু ব্যক্তি তার বিরুদ্ধে ব্যানার টানানো ও মিছিলসহ অপ্রীতিকর কর্মকাণ্ড চালায়। এসব ঘটনার ছবি ও ভিডিও সাক্ষী প্রসিকিউশনের কাছে জমা দিয়েছেন।

প্রসিকিউশনের আবেদনের ভিত্তিতে ট্রাইব্যুনাল চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ বৃহস্পতিবার শুনানি শেষে সাক্ষীর সুরক্ষায় নির্দেশ দেন। এসময় সাক্ষীর সঙ্গে সরাসরি কথা বলে এবং তার প্রদত্ত ছবি-ভিডিও পর্যালোচনা করে ট্রাইব্যুনাল নিরাপত্তা নিশ্চিতের সিদ্ধান্ত নেয়।

আদেশে সংশ্লিষ্ট থানার ওসি ও সাক্ষীর কর্মস্থলের প্রধানকে সুরক্ষার ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়। পাশাপাশি, সাক্ষীর বিরুদ্ধে আশপাশের এলাকায় টানানো কোনো অবমাননাকর পোস্টার বা ব্যানার থাকলে তা দ্রুত অপসারণেরও নির্দেশ দেওয়া হয়